

# WE ARE YOUR DOL



Department  
of Labor

A proud partner of the American Job Center network

## NYS DOL ভার্চুয়াল ক্যারিয়ার মেলা

ব্যবসার জন্য একটি সংস্থান

### ভার্চুয়াল ক্যারিয়ার মেলা কাকে বলে?

একটি ভার্চুয়াল ক্যারিয়ার মেলা হল এক যুগোপযোগী সমাধান যা ব্যবসাকে চিরাচরিত নিযুক্তির প্রক্রিয়ার সীমাবদ্ধতা থেকে মুক্তি দিতে সাহায্য করে। অনলাইন প্ল্যাটফর্ম প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ লেবার (নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ) সশরীরে উপস্থিতির পরিচিত অনুভূতি এবং সুফল বজায় রেখেই, ব্যবসা এবং চাকরিপ্রার্থীদের জন্য বাস্তব সময়ে ভার্চুয়াল সেটিং দ্বারা সংযোগ স্থাপন সম্ভব করেছে।

### অনলাইন প্ল্যাটফর্ম

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ লেবার (নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ) এই ব্র্যান্ডেড ডিজিটাল পরিবেশের সূচনা করতে পেরে খুবই উচ্ছসিত, যা আপনাকে সম্ভাব্য প্রার্থীদের মধ্যে শীর্ষ প্রতিভাধারীর অনুসন্ধান সহ ভালো চাকরি খোঁজার অভিজ্ঞতা সহজতর করে তোলে।

যে বৈশিষ্ট্যগুলি অন্তর্ভুক্ত রয়েছে:

- অপরিমিত ব্যবহারকারীর ক্ষমতা সম্পন্ন মোবাইল বান্ধব ডিজাইন
- কাস্টমাইজ করা প্রদর্শনকারীদের বৃথ
- লাইভ ইভেন্টের সময় একটি ওয়েবকাস্ট করার ক্ষমতা

### এটা কীভাবে কাজ করে:

**সাইন আপ করুন!** আমন্ত্রণ লিঙ্ক ব্যবহার করে ইভেন্টে রেজিস্টার করুন

**সেট আপ করুন!** লোগো, ছবি, কাজের বিবরণ, ভিডিও, লিঙ্ক এবং আরও অনেক কিছু ব্যবহার করে ইভেন্টের আগে আপনার ভার্চুয়াল বৃথ সেট আপ করুন!

**প্রদর্শন করুন!** লাইভ ডে তে ইভেন্টে চ্যাট বৈশিষ্ট্যে লগ ইন করে যোগ দান করুন

- আপনার বৃথে আসা গ্রাহকদের সাথে বার্তালাপ করুন
- আপনার বৃথে আসা ভিজিটরদের এক কপি করে রিজিউমে পান

### প্রিভিউ-ডে

প্রিভিউ-ডে আসল দিনের আগের দিনে চালু হয় এবং লাইভ ইভেন্ট শুরু হওয়ার আগে পর্যন্ত চালু থাকে। প্রিভিউ-ডে তে, চাকরিপ্রার্থীরা লাইভ ইভেন্ট শুরু হওয়ার আগে পর্যন্ত প্রদর্শনকারীদের বৃথ এবং লাইভ ইভেন্টের আগে চাকরির ব্রাউজ করতে পারেন করতে পারেন যাতে লাইভ সাইটের বিষয়ে আগে থেকে পরিচিত হওয়া যায়।

### লাইভ ডে

লাইভ ইভেন্টে চাকরিপ্রার্থীরা প্রদর্শনকারী বৃথ এবং বিভিন্ন চাকরির সুযোগ ব্রাউজ করতে পারেন এবং পাশাপাশি বিভিন্ন নিয়োগকর্তা/ব্যবসাসম্প্রদায় একে অপরের সাথে কথাবার্তা বলতে পারেন।

### সুবিধা

- লাইভ ডে-এর আগেই প্রার্থীদের রিজিউমে পর্যালোচনা করুন
- প্রার্থীদের সাথে তাদের যোগাযোগ এবং কাজের বিশদ সম্পর্কে এক-একমুখী আলোচনা করুন
- আপনার কোম্পানির একাধিক নিয়োগকারীকে চ্যাট করার জন্য ইভেন্টে লগ ইন করুন!
- প্রার্থীদের সাথে ভিডিও চ্যাট করার বিকল্প রয়েছে
- ইভেন্টের পরে চ্যাট কথোপকথন এবং রিজিউমে পর্যালোচনা করুন এবং সেরা প্রার্থীদের নির্বাচন করুন
- যাতায়াত এবং বৃথে দাঁড়ানোর জন্য সারাদিন আপনার কর্মস্থল ছেড়ে যাওয়ার প্রয়োজনীয়তা দূর করে অর্থ এবং মূল্যবান সময় বাঁচান
- আপনি আপনার নিজের কর্মক্ষেত্রের আরাম সহকারেই প্রার্থীদের সাথে দেখা করার সময় কাজ চালিয়ে যেতে পারেন।

### প্রযুক্তিগত সহায়তা

NYS DOL কর্মীরা পুরো প্রক্রিয়া জুড়ে তদারকি করবেন এবং আপনার ভার্চুয়াল বৃথ সেট আপ করতে এবং লাইভ সাইট ন্যাভিগেট করার জন্য প্রযুক্তিগত সহায়তা প্রদান করবেন।

### GOOGLE CHROME ওয়েব ব্রাউজার

Google Chrome হল ব্যাকএন্ড সাইট এবং লাইভ সাইটের সুপারিশকৃত ওয়েব ব্রাউজার। অন্যান্য ওয়েব ব্রাউজারদের চ্যাটে সংযোগ করতে বা ব্যাকএন্ড সাইটে সম্পূর্ণভাবে সংযোগ করতে অসুবিধা হতে পারে।

\*বিজনেস ইন্টারনেট ফায়ারওয়াল বিস্তৃতি: যদি আপনার ব্যবসার ক্ষেত্রে ইন্টারনেট ফায়ারওয়াল নীতি থাকে, তবে এটি সাইটের প্রবেশ, ব্যবহার এবং কার্যকারিতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

### যোগাযোগ

আরও তথ্যের জন্য বা আসন্ন ভার্চুয়াল ক্যারিয়ার মেলার জন্য নিবন্ধন করতে, আমাদের ভার্চুয়াল ইভেন্ট টিমের সাথে যোগাযোগ করুন এখানে [VirtualJobFairs@labor.ny.gov](https://VirtualJobFairs@labor.ny.gov).